

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯৭১

পর্ব-৭: সওম (রোযা) (كتاب الصوم)

পরিচেছদঃ ১. প্রথম অনুচেছদ - নতুন চাঁদ দেখার বর্ণনা

بَابُ رُونْيَةِ الْهِلَالِ

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنَا أَمَة أُميَّة لَا تكْتب وَلَا تحسب الشَّهْرُ هَكَذَا وَهَكَذَا وَهَكَذَا» . وَعَقَدَ الْإِبْهَامَ فِي الثَّالِثَةِ. ثُمَّ قَالَ: «الشَّهْرُ هَكَذَا وَهَكَذَا وَهَكَذَا » . وَعَقَدَ الْإِبْهَامَ فِي الثَّالِثَةِ. ثُمَّ قَالَ: «الشَّهْرُ هَكَذَا وَهَكَذَا » . يَعْنِي تَمَامَ الثَّلَاثِينَ يَعْنِي مَرَّةً تِسْعًا وَعِشْرِينَ وَمرَّة ثَلَاثِينَ

বাংলা

১৯৭১-[৩] ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমরা উদ্মি জাতি। হিসাব-কিতাব জানি না, কোন মাস এত, এত (অর্থাৎ- কোন মাস এভাবে বা এভাবে এভাবে হয়।) তিনি তৃতীয়বারে বৃদ্ধাঙ্গুলি বন্ধ করলেন। তারপর বললেন, মাস এত দিনে, এত দিনে এবং এত দিনে অর্থাৎ- পুরা ত্রিশ দিনে হয়। অর্থাৎ- কখনো মাস ঊনত্রিশ আবার কখনো ত্রিশ দিনে হয়। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ১৯১৩, মুসলিম ১০৮০, আবূ দাউদ ২৩১৯, নাসায়ী ২১৪১, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৯৬০৪, আহমাদ ৫০১৭, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৮২০০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (نَكْتُبُ وَلَا نَحْسُبُ) ''আমরা লিখতে জানি না এবং হিসাব করতে জানি না'' অর্থাৎ- আমরা চন্দ্রের গতিপথ সম্পর্কে অবহিত নই, এর হিসাব আমরা জানি না। অতএব সিয়াম পালনে এবং আমাদের অন্যান্য 'ইবাদাতের ক্ষেত্রে আমরা হিসাব ও লেখার উপর নির্ভর করতে বাধ্য নই। বরং আমাদের 'ইবাদাত এমন স্পষ্ট আলামতের উপর নির্ভারশীল যাতে হিসাব অভিজ্ঞ ও অনভিজ্ঞ উভয়েই সমান। অত্র হাদীসে হিসাব দ্বারা উদ্দেশ্য নক্ষত্রের গতিপথ। 'আরবরা এ হিসাবে অনভিজ্ঞ ছিল। তাই তাদের সওম ও অন্যান্য 'ইবাদাত পালনের ক্ষেত্রে



চাঁদ দেখার উপর নির্ভরশীল করা হয়েছে হিসাবের উপর নয়। যাতে তারা এ হিসাবে কষ্ট থেকে পরিত্রাণ পায়।

(وَعَقَدَ الْإِنْهَامُ فِي التَّالِثَةِ) "তৃতীয়বারে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) একটি বৃদ্ধাঙ্গুলি বন্ধ করে রাখলেন।" এতে সংখ্যা ঊনত্রিশ হল। অর্থাৎ- তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) হাতের ইশারায় বুঝালেন যে, চন্দ্র মাস ত্রিশ দিনেও হয় আবার কখনো উন্ত্রিশ দিনেও হয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন